গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
প্রশাসন অধিশাখা-৩
www.tmed.gov.bd

**কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের ওয়েবসাইট ও সামাজিক যোগাযোগ মাধ্যম (Facebook ও YouTube) নিয়মিত হালনাগাদ ও পর্যবেক্ষণ এবং প্রয়োজনীয় সুপারিশ প্রণয়ন বিষয়ক কমিটির অনলাইনভিত্তিক ৪র্থ সভার কার্যবিবরণী**

| | |
|---|---|
| সভাপতি | আনিসুল ইসলাম<br>যুগ্মসচিব |
| সভার তারিখ | **১৬ জুলাই ২০২৬** |
| সভার সময় | বিকাল ০৩ টা |
| স্থান | জুম প্লাটফর্ম (হোস্ট: কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ ) |
| উপস্থিতি | সংযুক্তি (উপস্থিতি ও অনুপস্থিতির তালিকা) |

কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ ও এর আওতাধীন দপ্তরের তথ্য বাতায়ন (ওয়েবসাইট) ও সামাজিক যোগাযোগ মাধ্যম (Facebook ও YouTube) নিয়মিত হালনাগাদ ও পর্যবেক্ষণ এবং প্রয়োজনীয় সুপারিশ প্রণয়ন বিষয়ক কমিটির সভায় সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভার প্রারম্ভে যুগ্মসচিব (প্রশাসন অধিশাখা-৩) এ বিভাগের সিস্টেম এনালিস্টকে সভার কার্যসূচি ও কার্যপত্র উপস্থাপনের জন্য অনুরোধ জানান।

০২। সভাপতির অনুমতিক্রমে এ বিভাগের সিস্টেম এনালিস্ট ধারাবাহিকভাবে সভার আলোচনার বিষয়বস্তু উপস্থাপন করেন। এরপর যুগ্মসচিব (প্রশাসন অধিশাখা-৩) মন্ত্রিপরিষদ বিভাগের সরকারি দপ্তরের ওয়েবসাইট নির্দেশিকা ২০২৬, সরকারি ই-মেইল নীতিমালা-২০১৮ এবং সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহার নির্দেশিকা-২০১৯ অনুসরণপূর্বক ওয়েবসাইট ও সামাজিক যোগাযোগ মাধ্যম (Facebook ও YouTube) নিয়মিত হালনাগাদ ও পর্যবেক্ষণ এবং প্রয়োজনীয় সুপারিশ প্রণয়ন সংক্রান্তে বিস্তারিত আলোচনা করেন।

০৩। অতঃপর সভায় বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয় :

৩.১. মন্ত্রিপরিষদ বিভাগের সরকারি দপ্তরের ওয়েবসাইট নির্দেশিকা ২০২৬ নির্দেশনা এবং সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহার নির্দেশিকা-২০১৯ অনুসরণপূর্বক নিয়ন্ত্রণাধীন সকল দপ্তর/সংস্থা স্ব-স্ব তথ্য বাতায়নে কর্মকর্তা/কর্মচারীদের সরকারি ই-মেইল ও মোবাইল নম্বর হালনাগাদ করবে;

৩.২. কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ এর নিয়ন্ত্রণাধীন সকল দপ্তর/সংস্থার অধীনে যেসকল সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠান রয়েছে তাদের ওয়েবসাইট জন ও ব্যবহারকারীবান্ধবভাবে তৈরি ও নিয়মিত হালনাগাদের প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে;

৩.৩ নিয়ন্ত্রণাধীন সকল দপ্তর/সংস্থাসমূহ এ বিভাগের ডিজিটাল নাগরিক সেবার তথ্য হালনাগাদের নিমিত্ত সংযুক্ত ছক মোতাবেক আগামী ১ সপ্তাহের মধ্যে নাগরিক সেবার তথ্য কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগে প্রেরণ করবে;

৩.৪. মন্ত্রিপরিষদ বিভাগের সরকারি দপ্তরের ওয়েবসাইট নির্দেশিকা ২০২৬ অনুযায়ী নিয়ন্ত্রণাধীন সকল দপ্তর/সংস্থা নিজ নিজ তথ্য বাতায়ন হালনাগাদকরণ বিষয়ক ত্রৈমাসিক প্রতিবেদন (জানুয়ারি-মার্চ, এপ্রিল-জুন, জুলাই-সেপ্টেম্বর ,অক্টোবর-ডিসেম্বর) মেয়াদ শেষের পরবর্তী মাসের ২ (দুই) তারিখে মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণ করবে। নির্ধারিত সময়ের মধ্যে প্রতিবেদন প্রেরণে ব্যর্থ হলে কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ সংশ্লিষ্ট দপ্তরের শূণ্য প্রতিবেদন বিবেচনা করে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করবে; এবং

৩.৫. কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের আইসিটি অধিশাখা **মন্ত্রিপরিষদ বিভাগের 'সরকারি দপ্তরের ওয়েবসাইট নির্দেশিকা, ২০২৬'** যথাযথভাবে বাস্তবায়ন ও প্রতিপালনের লক্ষ্যে সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীদের অংশগ্রহণে প্রয়োজনীয় কর্মশালা আয়োজনের জন্য প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করবে।

০৪। সভায় আর কোনো আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার কার্যক্রম সমাপ্ত করেন।

২০-০৭-২০২৬
আনিসুল ইসলাম
যুগ্মসচিব

নম্বর: ৫৭.০০.০০০০.০০০.০২২.০৫.০০০২.২৬.৩৮

তারিখ: ৫ শ্রাবণ ১৪৩৩ বঙ্গাব্দ
২০ জুলাই ২০২৬ খ্রিস্টাব্দ

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। দপ্তর সংস্থা প্রধান(সকল)।
২। উপসচিব, কারিগরি শাখা-০১, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ।
৩। সিস্টেম এনালিষ্ট, আইসিটি অধিশাখা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ।
৪। প্রোগ্রামার, আইসিটি অধিশাখা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ।
৫। সংযুক্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর।
৬। সহকারী প্রোগ্রামার , আইসিটি অধিশাখা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ।
৭। সহকারী প্রোগ্রামার (রুটিন দায়িত্ব), সহকারী প্রোগ্রামার এর দপ্তর, মাদরাসা শিক্ষা অধিদপ্তর।
৮। সহকারী মেইনটেনেন্স ইঞ্জিনিয়ার, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড।
৯। সহকারী ইন্সট্রাক্টর, নেকটার,বগুড়া।
১০। সহকারী প্রোগ্রামার, কম্পিউটার শাখা, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড।
১১। সহকারী প্রোগ্রামার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষক প্রশিক্ষণ ইনস্টিটিউট (বিএমটিটিআই)।
১২। ব্যক্তিগত কর্মকর্তা, প্রশাসন ও অর্থ অনুবিভাগ, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ [অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ) মহোদয়ের সদয় অবগতির জন্য]।

২০-০৭-২০২৬
আনিসুল ইসলাম
যুগ্মসচিব